

প্রথম আন্দোলন

ব্র্যাক ইউনিভার্সিটিতে পিস ক্যাফে ক্লাবের যাত্রা শুরু

নিজস্ব প্রতিবেদক

ঢাকা

প্রকাশ: ১১ অক্টোবর ২০২২, ০১: ৩২



ব্র্যাক ইউনিভার্সিটিতে পিস ক্লাবের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। সংগৃহীত

আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে 'পিস ক্যাফে, ব্র্যাক ইউনিভার্সিটি'। সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মহাখালী ক্যাম্পাসে এ উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ভিনসেন্ট চ্যাং। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্র্যাক ইউনিভার্সিটির সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের (সিপিজে) নির্বাহী পরিচালক মনজুর হাসান, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডেভিড

ড্যাউল্যান্ড, স্টুডেন্ট লাইফের যুগ্ম পরিচালক তাহসিনা রহমান, বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ নারী প্রগতি সংস্থার প্রতিষ্ঠাতা রোকেয়া কবির এবং উইম্যান পিস অ্যান্ড সিকিউরিটি, ইউএন উইম্যানের প্রোগ্রাম এনালিস্ট তানিয়া শারমিন।

উপাচার্য অধ্যাপক ভিনসেন্ট চ্যাং বলেন, 'পিস ক্যাফের উপযোগিতা ক্লাসরুমের সীমানাকে অতিক্রম করে। ক্লাসরুমে বসে বসে কেবল নোট নেওয়াই যথেষ্ট নয়। ব্র্যাক ইউনিভার্সিটির প্রেক্ষাপট বিবেচনায় আমরা এই উদ্যোগটিকে এগিয়ে নিয়ে যেতে চাই। কারণ, এটা শিক্ষার্থীদের নিজেদের জন্য, শিক্ষার জন্য, সর্বোপরি বিশ্ববিদ্যালয়ের জন্য ভালো।'

পিস ক্যাফে হলো এমন একটি সৃজনশীল উদ্যোগ, যা নারী নেতৃত্বাধীন বিভিন্ন নাগরিক উদ্যোগ এবং নারী উদ্যোক্তাদের উৎসাহিত ও পরামর্শ দিয়ে সমাজে শান্তি এবং সামাজিক সম্প্রীতি প্রচার করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের মধ্যে এমন দক্ষতা তৈরি করা, যাতে তাঁরা সমাজে শান্তি প্রচারে উৎসাহী হন ও শান্তির দূত হয়ে ওঠেন।